



### ফিরে দেখা 2024, আসন্ন 2025-এর দিকে দৃষ্টিপাত

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

বিগত কয়েক বছর যাবত আমি সুযোগ পেয়ে আসছি আমাদের পাঁচটি বরো-এর প্রতিটিতে একটি করে [লিসেনিং সেশন](#) (মতামত জানার অনুষ্ঠান) পরিচালনা করার এবং 1,000-এর অধিক শিক্ষার্থী, স্টাফ, পরিবার ও কমিউনিটির সদস্যের কাছ থেকে সরাসরি কথা শোনার। অংশগ্রহণকারীরা আমার তিনটি প্রতিশ্রুতি সম্পর্কে অবিশ্বাস্য ধারণা ও মতামত দিয়েছেন: নিরাপত্তা বৃদ্ধি, শিক্ষাবিদদের সহায়তাদান, এবং পরিবারসমূহকে ক্ষমতায়ন। এই পরিদর্শনে যাওয়া আমাকে পুনরায় নিশ্চিত করেছে যে আমরা যে সমাধান চাইছি, সেটা ইতোমধ্যে আমাদের কমিউনিটির ভেতরেই বিদ্যমান- আমাদেরকে শুধু শুনতে হবে।

সে কারণেই আমি গর্বের সাথে জানাচ্ছি যে, আমরা ঘোষণা করেছি [ডিভিশন অভ ফ্যামিলি, কমিউনিটি, অ্যান্ড স্টুডেন্ট অ্যাম্পাওয়ারমেন্ট](#) নতুনতম ডেপুটি চ্যাম্বেলর ড ক্রিস্টিনা মেলেনডেজ (Dr. Cristina Meléndez)-এর অধীনে এই কাজটি অব্যাহত থাকবে। এই ডিভিশন বহু টিমকে একত্রিত করবে যারা অফিস অভ স্টুডেন্ট ওয়েলনেস প্রোগ্রাম থেকে অফিস অভ ল্যান্ডস্কেপ অ্যাক্সেস পর্যন্ত আমাদের NYC পাবলিক স্কুল কমিউনিটির সদস্যদেরকে ক্ষমতায়িত করবে।

আমরা যখন আমাদের লিসেনিং সেশন ও 2024 সালের সমাপ্তি করছি, আমরা [NYC রিডস্](#) পুরো সিটি জুড়ে সম্প্রসারণের মতো যেসব কাজ সম্পন্ন করেছি, তার জন্য গর্বিত বোধ করছি। এবং আগামী দিনের কাজগুলোর জন্য আমি আরও অনুপ্রাণিত। 2025 সালে আমরা আমার তিনটি প্রতিশ্রুতির পাশাপাশি [NYC রিডস্](#), [NYC সলভস্](#), এবং [স্টুডেন্ট প্যাথওয়েজ](#) সম্পর্কিত আমাদের চলমান অগ্রাধিকার সম্পর্কে হালনাগাদ সংবাদ ও ঘোষণা প্রকাশ করবো। এছাড়া আপনি জরিপে প্রাপ্ত মতামতের কল্যাণে এই নিউজলেটারে পরিবর্তনও প্রত্যাশা করতে পারেন।

আমি সবার জন্য একটি আনন্দমুখর ও বিশ্রামপূর্ণ অর্থবহ ডিসেম্বরের ছুটি কামনা করে শেষ করতে চাই। এছাড়াও আমি জানি যে অনেকের জন্য বছরের এটি কঠিন সময়—তাই আমি চাই এই মওসুমটি আপনার কাছে যেমনই হোক না কেনো, এটা যে আবেগই নিয়ে আসুক না কেনো, অনুগ্রহ করে জেনে রাখবেন যে, NYC পাবলিক স্কুলস্ আপনার একটি কমিউনিটি ও এখানে সহায়তা ব্যবস্থা রয়েছে।

2024 সালে আপনি আমাদের ছেলেমেয়েদের—যত্ন, সহযোগিতা এবং নির্দেশনা দিতে—যা যা করেছেন, তার সবকিছুর জন্য আপনাকে ধন্যবাদ এবং নতুন বছরে তাদের শিক্ষাদানে ও বেড়ে ওঠায় সেটা অব্যাহত রাখবেন, সে প্রত্যাশা করছি।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [YouTube](#) পেজ দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।